ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বগুড়া শাখা, ২২১,ঝাওতলা, বড়গোলা, বগুড়া ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখার ঋণগ্রহীতা মেসার্স ফ্রেন্ডস ট্রেডার্স, পার্টনার- জনাব মো: শফিকুল আলম মনজু ও মোঃ রেজাউল করিম, ব্যবসায়িক ঠিকানা- সান্তাহার রোড, টিনপট্টি, বড়গোলা, বগুড়া কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১০.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ বাবদ ব্যাংকের পাওনা ২১,৬৮,০১,৫৪৭.৮৮ (একুশ কোটি আটষট্টি লক্ষ এক হাজার পাঁচশত সাতচল্লিশ টাকা আটাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

<u>বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল</u>

জেলা- বগুড়া, থানা- বগুড়া					
ক্রমিক	মৌজা	জেএল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমান
১	কাটনারপারা	৮৪	সি.এস-৬০৯, এম.আর.আর-৭৫৮	১৭০৫	১.০৭৫ শতাংশ ও তদুপরিস্হিত টিনশেড ঘরসহ যাবতীয় স্হাপনাদি (যাহা বগুড়া পৌরসভার অর্ন্তভুক্ত)
২	নিশিনদারা	৮০	সি.এস-৪৫২, ৪৭৮, ৪০০, এম.আর.আর-৭৪৪, ৪৭৭, ৬৮২	৪৭৮৭, ৪৭৮৩, ৪৭৮৪	১৭.০০ শতাংশ ও তদুপরিস্হিত ৫ তলা ভবন ও অন্যান্য স্হাপনাদি (যাহা বগুড়া পৌরসভার অর্ন্তভুক্ত)
৩	নিশিনদারা	৮০	সি.এস-৬২৬, ৬৭০, এম.আর.আর-৯৫৫, ১০১৯	৩৬৬৬, ৩৬৬৯	১৮.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি (বগুড়া পৌরসভার অর্ন্তভুক্ত)
৪	নিশিনদারা	৮০	সি.এস-৫৬৬, ৩৬৪, ৪৫৯, এম.আর.আর-৬৩৯, ৮৮০, ৭৫১	৫৩৭৯, ৫৩৮০, ৫৩৮১	৮৯.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
৫	ছয়পুকুরিয়া	৭৪	সি.এস-৮০, ২৯, এম.আর.আর-১০৮, ১০৯, ১৫১, ১৮১, ৩৮	৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৮০, ৮১	৬৮.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি।
৬	ঠেঙ্গামারা	৬৬	সি.এস-৩৮, ১১৬, এম.আর.আর-৩২, ১৩২	৪২৪, ৪২৫	২৯.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
৭	অরুলিয়া	৭৫	সি.এস-৪৬০ এম.আর.আর-৬৭৬	৫৯৪, ৫৯৬	৩৬.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
৮	অরুলিয়া	৭৫	সি.এস-৪০৩, ২৮৪, এম.আর.আর-৫৯৩, ৪৪৫	৩৩৪১, ৩৩৪২	২৫.৭৫ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
৯	ছয়পুকুরিয়া	৭৪	সি.এস- ৪৪, ৪৭, এম.আর.আর-৫৮, ৫৫	১৬০, ১৬১, ১৬২	৬৮.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
১০	যাত্রাশোল	৩৯	সি.এস- ১২৫, এম.আর.আর- ১৬৬	৫০৭	১৮.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি
১১	সামান্তাহার	৩৭	সি.এস- ২৩, ২৬, ৫১, এম.আর.আর- ২৪, ২৫, ৩১, ৬৩, ১০২	১২৫, ১২৬,১৩২,১৫৯, ১৬৩, ১৬৪, ৬১৭	১৪৭.০০ শতাংশ ও তদুপরিস্হিত স্হাপনাদি।

<u>নিলামের শর্তাবলী</u>

(১) আগামী ২২/০১/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, e¸ov kvLvর অফিসে রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্যান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না ।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না ।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া